গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১ ।
www.prison.gov.bd

পত্র নং- ৪৪.০৭.০০০০.০২১.০৩.০০৮.২৬- ৮২০

তারিখঃ ২২ বৈশাখ ১৪৩৩
০৫ মে ২০২৬

বিষয়: **কারা অধিদপ্তরের অভিযোগ প্রতিকার সংক্রান্ত এপ্রিল/২০২৬ মাসের মাসিক প্রতিবেদন প্রেরণ।**

বরাত: স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগের বাজেট-২ শাখার স্মারক নং- ৮.০০.০০০০.০২২.০৬.০০৩.২২.১০ তারিখ: ০৫-০২-২০২৩

উপর্যুক্ত বিষয় ও বরাতে উল্লিখিত পত্রের প্রেক্ষিতে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, কারা অধিদপ্তরের অভিযোগ প্রতিকার সংক্রান্ত নির্ধারিত **'ছক'** মোতাবেক এপ্রিল/**২০২৬** মাসের প্রতিবেদন এতৎসঙ্গে সবিনয়ে প্রেরণ করা হলো।

সংযুক্ত: ছক মোতাবেক তথ্য---০৪ (চার) পাতা।

০৫/০৫/২৬
মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
addl.ig@prison.gov.bd

সিনিয়র সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃঃ আঃ- সিনিয়র সহকারী সচিব (বাজেট-২ শাখা)

**জ্ঞাতার্থে/কার্যার্থেঃ**

ভারপ্রাপ্ত কর্মকর্তা
আইসিটি সেল
কারা অধিদপ্তর, ঢাকা। স্মারকটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

## কারা অধিদপ্তরের অভিযোগ প্রতিকার সংক্রান্ত মাসিক প্রতিবেদন (এপ্রিল/২০২৬) অভিযোগ প্রতিকারের সার সংক্ষেপঃ

| বিভাগ/সংস্থার নাম | বিবেচ্য মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | | পূর্ববর্তী মাসের জের | মোট অভিযোগ (২+৩+৪+৫) | অন্য দপ্তরে প্রেরিত | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগ | চলমান অভিযোগ | | অভিযোগ নিষ্পত্তির হার (নিষ্পত্তিকৃত X১০০/মোট নিষ্পত্তিযোগ্য অভিযোগ) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ওয়েব সাইটের মাধ্যমে | প্রচলিত পদ্ধতিতে | স্বপ্রণোদিত ভাবে গৃহীত | | | | | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়েছে | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| কারা অধিদপ্তর | - | ০৯ | - | - | ০৯ | - | ০৯ | - | - | ১০০% |

নিষ্পত্তিযোগ্য অভিযোগ= মোট অভিযোগ (কলাম ৬) – [নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি এমন চলমান অভিযোগ (কলাম ৯) + অন্য দপ্তরে প্রেরিত (কলাম ৭)]

= [০৯-(০+০)]

= [০৯-০]

= ০৯

মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
addl.ig@prison.gov.bd

# অভিযোগ প্রতিকার সংক্রান্ত মাসিক প্রতিবেদন (এপ্রিল/২০২৬) বিভাগ/সংস্থার নামঃ কারা অধিদপ্তর, ঢাকা।

## ১। চট্টগ্রাম বিভাগঃ

| ক্রমিক নং | অভিযোগ প্রাপ্তির তারিখ | অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অভিযোগের বর্তমান অবস্থা | | | নিষ্পত্তি না হওয়ার কারণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | অন্য দপ্তরে প্রেরিত | তদন্ত চলমান | নিষ্পত্তি | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| কক্সবাজার জেলা কারাগার | | | | | | | |
| ১ | ১২-০৪-২০২৬ | তারেক হোসেন, পিতা-মোঃ মালেক, বাহারছড়া, টেকনাফ, কক্সবাজার জনার দেখা সাক্ষাত ১৫ দিন পর এসে করতে হয়। এটা কমিয়ে ০৭ দিন পর পর দেখা সাক্ষাতের ব্যবস্থা করলে উপকৃত হবো। | -- | - | বিধি বিধান মোতাবেক দেখা সাক্ষাত চলমান থাকবে। | -- | -- |
| ২. | ১৭-০৪-২০২৬ | মোঃ আঃ হাফেজ, পিতা-কেরাম আলী, বায়েজিদ, চট্টগ্রাম জানায় কয়েদী বন্দির সাথে ০১ মাস পর দেখা সাক্ষাত করতে হয়। এটা কমিয়ে ১০ দিন পর পর সাক্ষাতের ব্যবস্থা করলে উপকৃত হবো। | -- | -- | বিধি বিধান মোতাবেক দেখা সাক্ষাত চলমান থাকবে। | -- | -- |

## ২। খুলনা বিভাগঃ

| ক্রমিক নং | অভিযোগ প্রাপ্তির তারিখ | অভিযোগের সংক্ষিপ্ত | অভিযোগের বর্তমান অবস্থা | | | নিষ্পত্তি না হওয়ার কারণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | অন্য দপ্তরে প্রেরিত | তদন্ত চলমান | নিষ্পত্তি | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| খুলনা জেলা কারাগার: | | | | | | | |
| ১ | ০৯/০৪/২০২৬ | ২। কয়েদি নং- ২০১/এ, মোঃ আশিক হাওলাদার @ চান্দু, পিতা-মৃত. মনিরুল হাওলাদার, সাং-ব্রহ্মগাতী, থানা- দিঘালিয়া, জেলা-খুলনা। তার ইতোপূর্বের হাজতবাস কালীন সময়কে সাজার মেয়াদ হিসাবে গণ্য না করা সংক্রান্ত বিষয়ে অভিযোগ জানান। | -- | -- | ২। বন্দির অভিযোগের প্রেক্ষিতে বিজ্ঞ আদালতের সাথে যোগাযোগপূর্বক তার পূর্বের কারাগারে আগমনের তারিখ সংগ্রহ করে এবং অত্র দপ্তরে রক্ষিত বন্দি ভর্তি রেজিস্টার পর্যালোচনান্তে হাজতবাস (০০-০৫-০৫দিন) সাজার মেয়াদ হিসাবে গণ্য করা হয়েছে। | -- | -- |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ২ | ২৩/০৪/২০২৬ | ১। কয়েদি নং- ৮৬৫/এ, সঞ্জয় মালী, পিতা- ষষ্টি মালী, সাং- তেতুলিয়া, থানা- কালিগঞ্জ, জেলা- সাতক্ষীরা । তার ইতোপূর্বের সাজার মেয়াদ শেষ হয়ে যায় কিন্তু সাজার পরোয়ানা না পাওয়া সংক্রান্ত বিষয়ে অভিযোগ জানান। | -- | -- | ১। বন্দির অভিযোগের প্রেক্ষিতে বিজ্ঞ আদালতের সাথে যোগাযোগপূর্বক তার সাজার পরোয়ানা গত ২৩/০৪/২৬ তারিখ অপরাহ্ন অত্র দপ্তরে প্রাপ্তির পর হাজতবাস গণনায় দেখা যায় যে ইতোপূর্বে তার জরিমানা অনাদায়ে সাজা সহ সকল সাজার মেয়াদ উত্তির্ণ হয়েছে বিধায় সাজা ভোগের মেয়াদ শেষে তাকে গত ২৪/০৪/২৬ তারিখ মুক্তি প্রদান করা হয়েছে । | -- | -- |
| **সাতক্ষীরা জেলা কারাগারঃ** | | | | | | | |
| ১ | ০৯/০৪/২০২৬ | ১। কয়েদী নং- ৫৫৫৮/এ মোঃ জাহিদুল ইসলাম, পিতা-মোঃ সামসুর রহমান, সাং-কাটিয়া লস্করপাড়া, থানা+জেলা-সাতক্ষীরা, ইতোপূর্বে কয়েদবাসকালীন সময়কে সাজার মেয়াদ হিসাবে গণ্য করা সংক্রান্ত আবেদন জানান। | -- | -- | ১। বন্দির আবেদনের প্রেক্ষিতে বিজ্ঞ আদালতের সাথে যোগাযোগপূর্বক এ দপ্তরে রক্ষিত বন্দি ভর্তি রেজিষ্টার পর্যালোচনান্তে কয়েদবাস সাজার মেয়াদ হিসাবে গণ্য করা হয়েছে। | -- | -- |
| ২ | ১৫/০৪/২০২৬ | ২। হাজতি নং-৩৪৫৬/২৪ , আমিনুর রহমান, পিতা-আঃ সাত্তার সরদার, সাং-গুনাকরকাঠী, থানা-আমাশূনী, জেলা-সাতকক্ষীরাসহ অপর ০৬ জন বন্দির বিজ্ঞ আদালত হতে হাজিরার ধার্য তারিখ এনে দেওয়ার জন্য আবেদন জানায়। | -- | -- | ২। বন্দির আবেদনের প্রেক্ষিতে বিজ্ঞ আদালতের সাথে যোগাযোগপূর্বক তার বিজ্ঞ আদালত হতে হাজিরার ধার্য তারিখ এনে দেওয়ার হয়। | | |

## ৩। সিলেট বিভাগঃ

| ক্রমিক নং | অভিযোগ প্রাপ্তির তারিখ | অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অভিযোগের বর্তমান অবস্থা | | | নিস্পত্তি না হওয়ার কারণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | অন্য দপ্তরে প্রেরিত | তদন্ত চলমান | নিস্পত্তি | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **হবিগঞ্জ জেলা কারাগার** | | | | | | | |
| ১ | ১৫.০৪.২০২৬ | কয়েদী নং-৮৮৮০/এ রুবেল, পিতা: ইদ্রিস আলী সাং: তোপখানা, থানা: কোতায়ালী, জেলা: সিলেট বিবিয়ানা ভবনের ০৫ নং ওয়ার্ডে লাইট নষ্ট সংক্রান্ত অভিযোগ জানান। | -- | -- | বন্দির অভিযোগের প্রেক্ষিতে তাৎক্ষনিক উক্ত ওয়ার্ডে লাইট লাগিয়ে অভিযোগ নিস্পত্তি করা হয়েছে। | -- | -- |

## ৪। ময়মনসিংহ বিভাগঃ

### ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগারঃ

| ক্রমিক নং | অভিযোগ প্রাপ্তির তারিখ | অভিযোগের সংক্ষিপ্ত | অভিযোগের বর্তমান অবস্থা | | | নিষ্পত্তি না হওয়ার কারণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | অন্য দপ্তরে প্রেরিত | তদন্ত চলমান | নিষ্পত্তি | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ০১ | ১৫-০৪-২০২৬ | কয়েদী নং-৮৬৪/এ মোঃ আলমগীর হোসেন কর্তৃক ওয়ার্ডে একটি ফ্যান বাতাস কম হয় মর্মে অভিযোগ করেন। | -- | --- | বিধি মোতাবেক দ্রুত সমস্যা সমাধান করা হয়েছে। | -- | -- |
| **শেরপুর জেলা কারাগার** | | | | | | | |
| ০২ | ১৯/০৪/২৬ | নতুন দালানের বন্দিরা ফ্যানের আবেদন জানান | - | - | বিধি মোতাবেক কারা বন্দিদের ফ্যান বিতরণ করা হয়েছে। | - | - |

নিষ্পত্তিযোগ্য অভিযোগ=মোট অভিযোগ (কলাম ৬) – [নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি এমন চলমান অভিযোগ (কলাম ৯) + অন্য দপ্তরে প্রেরিত (কলাম ৭)]

= [০৯-(০+০)]

= [০৯-০]

= ০৯

মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
addl.ig@prison.gov.bd